



কেন স্বেচ্ছাসেবা গুরুত্বপূর্ণ পরিবর্তনের প্রেক্ষাপট



LOTTERY FUNDED

আমাদের কেন একটি কেইসের বোলায় পরিবর্তন দরকার?

স্কটিশ জনগণের মধ্যে বেশ কিছু বছর ধরে স্বেচ্ছাসেবার হার স্থির রয়েছে। সকল প্রমাণ এটাই নির্দেশ করে যে, যদি আমরা বসবাসের জন্য একটি সুখি, স্বাস্থ্যবান এবং সমৃদ্ধশালী স্কটল্যান্ড গঠন করতে চাই তাহলে আমাদের মধ্যে স্বেচ্ছাসেবা হার বাড়ানো প্রয়োজন।

বর্তমানে স্কটল্যান্ডে প্রায় ১৩ লক্ষ (১.৩ মিলিয়ন) প্রাপ্তবয়স্ক স্বেচ্ছাসেবক রয়েছেন কিন্তু তারা স্বেচ্ছাসেবা দেবার জন্য উপযুক্ত সুযোগ পাচ্ছেননা অথবা স্বেচ্ছাসেবাকে সুযোগ হিসেবেই বিবেচনা করছেননা।

আমরা বিশ্বাস করি স্বেচ্ছাসেবা সবার জন্য উন্মুক্ত, এতে কোন ধরনের প্রতিবন্ধকতা নেই। স্কটল্যান্ডে স্বেচ্ছাসেবার উপকারিতা উপলব্ধি করানোর ও এই খাতে প্রতিনিধিত্ব বাড়াতে আমাদের দৃষ্টান্তমূলক পরিবর্তন করতে হবে। স্বেচ্ছাসেবাকে একটি সামাজিক নীতি হিসেবে গ্রহণ করা প্রয়োজন, যেখানে সুযোগ কিংবা প্রত্যাশা সামাজিক অবস্থার কারণে সীমাবদ্ধ না হয়ে পড়ে। তার মানে স্বেচ্ছাসেবকদের কিছু অধিকার প্রয়োজন যা সবার জন্য সমতার সুযোগ এনে দেয়।

একজন যোগ্যতাসম্পন্ন স্বেচ্ছাসেবকের কাছে জনগণের অধিকার নিম্নোক্ত বিষয়গুলো নিশ্চিত করবে:

- প্রত্যেককে স্বেচ্ছাসেবা প্রদানের মাধ্যমে তাদের সমাজের উন্নয়নে অবদান রাখতে উৎসাহিত করবে।
- স্বেচ্ছাসেবার সংস্কৃতি গড়ে তোলে মানব জীবনে ইতিবাচক প্রভাব আনয়নে কৌশল ও অংশিদারিত্বের নিশ্চিততা প্রদান করা।
- প্রত্যেকেই স্বেচ্ছাসেবার মাধ্যমে তাদের সমাজে অবদান রাখতে সক্ষম।

স্বেচ্ছাসেবকদের অধিকার প্রদানের মাধ্যমে স্কটল্যান্ড জুড়ে অধিক সংখ্যক মানুষ এর উপকারিতা সম্পর্কে জানতে সক্ষম হবে।

স্কটিশ স্বেচ্ছাসেবক ফোরাম নিয়মিত কাজের অংশ হিসেবে এই ডকুমেন্টটি তৈরি করেছেঃ

- জনগণকে স্বেচ্ছাসেবায় অংশগ্রহণের জন্য উৎসাহিত ও সক্ষম করে তোলা যাতে করে সকলের জন্য সুযোগের সমতা তৈরি হয়।
- অভিজ্ঞ স্বেচ্ছাসেবীর দ্বারা উৎকৃষ্ট সেবার দানের মাধ্যমে আরও সেবাদান চালিয়ে যাওয়া।
- স্কটিশ সমাজে একক বা সাংগঠনিক ভাবে স্বেচ্ছাসেবার প্রয়োজনীয়তার উপকারিতা ব্যাপারে সামাজিকে উদ্বুদ্ধ করা
- আসল দক্ষতার কৌশল অসল্পনে সর্বপোরি একটা লক্ষ্যমাত্রায় পৌঁছার জন্য একে অন্যের কাছ থেকে অংগিকার সহ সুখ্যাতি অর্জন করে নেয়া।

স্বেচ্ছাসেবা কী এবং কিভাবে এর ধারণা পরিবর্তিত হচ্ছে ?

স্বেচ্ছাসেবার সংজ্ঞা ও এর পরিবর্তন সম্পর্কে প্রচুর ধারণা রয়েছে। সম্প্রতি জুন ২০১৫ এ গিভিং ব্যাক গোয়িং ফরওয়ার্ড শীর্ষক একটি সিটিজেনস এডভাইস রিপোর্টে উভয় বিষয়কে সুন্দর ভাবে ব্যাখ্যা করা হয়েছে।

কোন ধরনের আর্থিক প্রণোদনা এবং রাষ্ট্র কর্তৃক বাধ্যতামূলক হস্তক্ষেপ ছাড়াই ব্যক্তিগত কর্মের বাইরে সাহায্য করার

নিমিত্তে সময় দেয়ার মাধ্যমে স্বেচ্ছাসেবায় মানুষ যুক্ত হয়। সমাজের জন্য অবদান রাখার এটি অন্যতম একটি মূল্যবান মাধ্যম। যেমন একজন প্রতিবেশী প্রবীণকে বাজার করে দেয়া, ছুটির সময়ে গৃহহীনদের আশ্রয়স্থলে সময় দেয়া এবং স্থানীয় স্কুলে তত্ত্বাবধায়কের দায়িত্ব পালন করা স্বেচ্ছাসেবার আওতাভুক্ত।

লক্ষ লক্ষ মানুষ প্রতি বছর মানবতার তরে বিনা পারিশ্রমিকে স্বেচ্ছাসেবা দিয়ে থাকেন এবং তাদের স্বেচ্ছাশ্রম ব্যাপকভাবে কার্যকারিতা লাভ করে।

স্বেচ্ছাসেবার ধারণায় পরিবর্তন আসছে। মানুষের স্থানান্তর, কর্মস্থল পরিবর্তন, নতুন প্রযুক্তির আবির্ভাব এবং অন্যান্য বিষয়ে পরিবর্তন আসার কারণে আগামী দিনের স্বেচ্ছা সেবার ধারণা পূর্বের ধারণা থেকে ভিন্নতর হবে।

স্বেচ্ছাসেবার উপর নির্ভরশীল প্রতিষ্ঠানকে স্বেচ্ছাসেবার ধারণায় পরিবর্তন ও স্বেচ্ছাসেবকের প্রয়োজনীয়তা অনুধাবন করতে হবে। পাশাপাশি কাজের ক্ষেত্র, পরিবার এবং সামাজিক জীবনে পরিবর্তন আসায় এই পরিবর্তনের ফলে সৃষ্ট চাপ মোকাবেলা করতে হবে। স্বেচ্ছাসেবী সংগঠন তাদের স্বেচ্ছাসেবককে জনগণের জীবনের সাথে সম্পৃক্ত বিষয়ের সাথে যুক্ত করবে এবং স্বেচ্ছাসেবকের দায়িত্ব ও উদ্দেশ্য সম্পর্কে অবহিত করবে যাতে করে স্বেচ্ছাসেবা আমাদের সমাজের একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে বজায় থাকে।

**এই ডকুমেন্টে স্বেচ্ছাসেবা বলতে কোন ব্যক্তির নিজ ইচ্ছায় সময়



কেন স্বেচ্ছাশ্রম প্রয়োজনীয়

গবেষণা থেকে দেখা যায় স্বেচ্ছাসেবা
থেকে উল্লিখিত উপকার পাওয়া যায়



চাকরির সুযোগ

- ৮০% চাকরিদাতা স্বেচ্ছাসেবার মূল্যায়ন করে
- ৭৩% এর চাকরি হবার সম্ভাবনা থাকে
- ৭০% এর অধিক চাকরিদাতার মতে স্বেচ্ছাসেবা পদোন্নতিতে ভূমিকা রাখে
- ১৪% চাকরিদাতার মতে স্বেচ্ছাসেবা অধিক আয়ে সাহায্য করে

4

মানসিক স্বাস্থ্য

- ৯৪% মনোভাবের উন্নতি
- ৩০% স্বদিচ্ছা বৃদ্ধি
- জীবনের পরিতৃপ্তি বৃদ্ধি
- মানিয়ে নেয়ার দক্ষতা বৃদ্ধি
- দুশ্চিন্তা এবং হতাশা হ্রাস
- কৃতিত্ব এবং উপভোগের বোধ জাগরণ
- নিজের প্রতি আত্মবিশ্বাস ও শ্রদ্ধাবোধ অর্জন

পেশাগত দক্ষতা

- ২৩% চাকরিদাতার মতে স্বেচ্ছাসেবা চাকরিজীবীর যৌথ কাজের দক্ষতা বৃদ্ধি করে
- ২৩% চাকরিদাতার মতে স্বেচ্ছাসেবা চাকরিজীবীদের সময় ব্যবস্থাপনা শেখায়
- ২১% চাকরিদাতার মতে স্বেচ্ছাসেবা চাকরিজীবীদের যোগাযোগ দক্ষতা বৃদ্ধি করে
- চাকরিজীবীদের নেতৃত্ব এবং ব্যবস্থাপনার উন্নয়ন ঘটায়

শারীরিক স্বাস্থ্য

- ৭৬% জনগণ শারীরিকভাবে স্বাস্থ্যবান অনুভব করে
- ২০% মানুষ অকাল মৃত্যু থেকে রক্ষা পায়
- দীর্ঘস্থায়ী ব্যথার উপশম
- উচ্চ রক্তচাপের প্রবণতা কমে যাওয়া
- হৃদযন্ত্র সংক্রান্ত রোগের ঝুঁকি কমে যাওয়া
- হাসপাতালমুখী হবার প্রবণতা কমে যাওয়া
- শারীরিক ব্যথা ব্যবস্থাপনার উন্নতি

অংশীদারিত্ব বোধ



- একই বিষয়ে আগ্রহী ব্যক্তির সাথে পরিচয়
- আন্তঃব্যক্তিক যোগাযোগ বৃদ্ধি
- সমাজের মধ্যে যোগাযোগ বৃদ্ধি
- বিচ্ছিন্নতা এবং একাকীত্ব হ্রাস
- নিজের বলে চিন্তা করতে শেখা
- পার্থক্য নিরূপণ
- অন্যের দ্বারা মূল্যায়িত হওয়া
- ভিন্ন সংস্কৃতির সাথে পরিচয় এবং গুণারধারণ বৃদ্ধি

5



জীবন দক্ষতা

- ৭৯% মানুষ তাদের আন্তঃব্যক্তিক দক্ষতা বৃদ্ধি করতে সক্ষম হয়
- যৌথ কাজের দক্ষতা বৃদ্ধি
- যোগাযোগ উন্নয়ন
- দায়িত্ব নেবার সক্ষমতা বৃদ্ধি
- অন্যান্য উন্নয়ন বিষয়ে বুঝার ক্ষমতা
- নেতৃত্বের দক্ষতা বৃদ্ধি
- আত্মপ্রত্যয় এবং আত্মসম্মান বৃদ্ধি



কেন স্বেচ্ছাশ্রম প্রয়োজনীয়

গবেষণা থেকে দেখা যায় স্বেচ্ছাসেবা
থেকে সমাজ উপকৃত হয়

অর্থনৈতিক উপকারিতা

- ব্যক্তি এবং সম্প্রদায়গত উপকারিতা ব্যবহুল সামাজিক সমস্যা নিরসন করে
- চাকরি প্রাপ্তির সম্ভাবনা বৃদ্ধি করে এবং সমাজের উন্নয়নে প্রাপ্ত অর্থ ব্যয় করতে সক্ষমতা বাড়ায়
- সুস্থ থাকার কারণে এনএইচএস ব্যয় কমে যায়
- প্রতিরোধের লক্ষ্যমাত্রা নির্ধারণে অবধান রাখা

বর্ধনশীল সমাজ



- জনগণের স্বাস্থ্য উন্নয়ন
- সন্ত্রাস ও সমাজবিরোধী কর্মকাণ্ড হ্রাস
- শিক্ষা সম্পর্কীয় কর্মকাণ্ড বৃদ্ধি
- সুখ এবং সন্তুষ্টি অর্জন
- একাকীত্ব এবং বিচ্ছিন্নতা দূরীকরণ
- মানসিক উন্নতি বৃদ্ধি

সন্ত্রাস নিবারণ


- সমাজবিরোধী কর্মকাণ্ড হ্রাস
- আচরনে ইতিবাচক পরিবর্তন
- ইতিবাচক বৈচিত্র্যময় কর্মকাণ্ড
- সন্ত্রাসীদের ভালো পথে ফিরে আসতে সমর্থন যোগানো
- সমাজে বসবাসরত অন্যান্যদের সাথে বোঝাপড়া বৃদ্ধি

সক্রিয় নাগরিকতা

- সামাজিক কর্মকাণ্ডে নাগরিকদের অংশগ্রহণ বৃদ্ধি
- সাম্প্রদায়িক সম্প্রীতি বৃদ্ধি
- আন্তঃপ্রজন্ম ও আন্তঃসাংস্কৃতিক সম্মিলন বৃদ্ধি
- অধিক ক্ষমতামূলী সমাজ গঠন
- সামাজিক আস্থা ও স্পৃহা বৃদ্ধি
- নাগরিক দায়বদ্ধতা/যোগাযোগ বৃদ্ধি



জিজ্ঞাসা ১ পরিবর্তন হোন



জিজ্ঞাসা	জনগণের জীবনে ইতিবাচক ফলাফল বয়ে আনতে কৌশল এবং অংশীদারদের স্বেচ্ছাসেবার সংস্কৃতি গড়ে তুলবে।	
কেমন হবে সাফল্য	প্রত্যেকের স্বেচ্ছাসেবার উপকারিতা তাদের কমিউনিটিতে সেবাদানের মাধ্যমে অনুধাবন সৃষ্টি করতে হবে।	
কার কি করণীয়	স্বেচ্ছাসেবী ক্ষেত্র	<ul style="list-style-type: none"> প্রথমেই সর্বউৎকৃষ্ট সেবাদানের বিষয়টি চিহ্নিত করে উদাহরণ স্থাপন করেন এমনভাবে সহযোগিতা এবং কাঠামো প্রদান করা যাতে যে কেউ যেকোনো পরিস্থিতিতে স্বেচ্ছাসেবার অভিজ্ঞতা পেতে পারে। মনে রাখতে হবে যেকোনো একটা কাজে অবদান রাখতে পারে আর যদি তার জন্য যথার্থ কাজ পাওয়া না যায় তাহলে সেটা টুকে রাখা
	স্কটিশ সরকার	<ul style="list-style-type: none"> ব্যক্তি পর্যায়ে এবং সাংগঠনিক পর্যায়ে স্বেচ্ছাসেবার উপকারিতার পক্ষে বলা। নীতি নির্ধারণ এবং কৌশল প্রণয়নে স্বেচ্ছাসেবাকে অগ্রাধিকার দেয়া
	সকল অংশীদার	<ul style="list-style-type: none"> সকল সংগঠনগুলো স্বেচ্ছাসেবার উপকারিতা অনুধাবন করবে এবং জীবনের সকল স্তরে স্বেচ্ছাসেবার স্বল্পমূল্যে টেন্ডারের মাধ্যমে প্রবর্তন করবে।

জিজ্ঞাসা ২ সবার জন্য স্বেচ্ছাসেবার সংস্কৃতি





জিজ্ঞাসা	কৌশলগত এবং কার্যকরিক সিদ্ধান্তে স্বেচ্ছাশ্রম এবং স্বেচ্ছাসেবীদের প্রয়োজনকে তুলে ধরা।	
কেমন হবে সাফল্য	স্বেচ্ছাশ্রমের মধ্য দিয়ে নিজেদের সমাজে অবদান রাখায় প্রত্যেকে উৎসাহিত হবে এবং সমর্থন দিবে।	
কার কি করণীয়	স্বেচ্ছাসেবী ক্ষেত্র	<ul style="list-style-type: none"> সবচেয়ে ভাল দৃষ্টান্তসমূহ চিহ্নিত করা, তালিকাভুক্ত করা ও আয়ত্ত করা। ইস্যু এবং সুযোগগুলো বাছাইয়ে পেশাদারী হওয়া, মতামতগুলো ভালভাবে অনুধাবন করে সে অনুযায়ী কাজ করা যাতে ভাল মানের স্বেচ্ছাসেবায় সবার সমর্থন পাওয়া যায়।
	স্কটিশ সরকার	<ul style="list-style-type: none"> ব্যক্তি পর্যায়ে এবং সাংগঠনিক পর্যায়ে স্বেচ্ছাসেবার উপকারিতা বর্ণনা করা। নীতি নির্ধারণ এবং কৌশল প্রণয়নে স্বেচ্ছাসেবাকে অগ্রাধিকার দেয়া।
	সকল অংশীদার	<ul style="list-style-type: none"> স্বেচ্ছাসেবা-বান্ধব কর্মকাণ্ড বাস্তবায়নের মধ্য দিয়ে সাংগঠনিক এবং ব্যক্তিগত পর্যায়ে স্বেচ্ছাসেবার উপকারিতা অনুধাবন। স্বীকার করে নেয়া যে, স্বেচ্ছাসেবক ব্যবস্থাপনা একটি গুরুত্বপূর্ণ কাজ এবং মেনে নেয়া যে, দরপত্র ও মঞ্জুরিতে স্বেচ্ছাসেবক ব্যবস্থাপনাকেন্দ্রিক খরচ যৌক্তিক।

জিজ্ঞাসা ৩

চাকুরিদাতা সমর্থিত স্বেচ্ছাসেবা

জিজ্ঞাসা	প্রত্যেককে স্বেচ্ছাসেবক হিসেবে সমর্থন	
কেমন হবে সাফল্য	প্রত্যেকেই তাদের সমাজে স্বেচ্ছাসেবার মাধ্যমে অবদান রাখতে সক্ষম হবে।	
কার কি করণীয়	স্বেচ্ছাসেবী ক্ষেত্র	<ul style="list-style-type: none">• স্বেচ্ছাসেবায় সমর্থনের প্রতিশ্রুতি হিসেবে সকল কর্মচারীদের জন্য চাকুরিদাতা সমর্থিত স্বেচ্ছাসেবার সুযোগ তৈরিতে নেতৃত্ব প্রদান।• স্বেচ্ছাসেবার সুযোগ চিহ্নিতকরণ ও বেছে নেয়াকে সহজ ও ঝামেলাবিহীন করা।
	স্কটিশ সরকার	<ul style="list-style-type: none">• স্বেচ্ছাসেবায় সমর্থন হিসেবে সকল কর্মচারীদের জন্য চাকুরিদাতা সমর্থিত স্বেচ্ছাসেবার সুযোগ দিয়ে দৃষ্টান্ত স্থাপন।
	সকল অংশীদার	<ul style="list-style-type: none">• স্বেচ্ছাসেবায় সমর্থনের অংশ হিসেবে সকল কর্মচারীদের জন্য চাকুরিদাতা সমর্থিত স্বেচ্ছাসেবার সুযোগ প্রদানের মাধ্যমে ব্যক্তি ও সাংগঠনিক পর্যায়ে স্বেচ্ছাসেবার উপকারিতা অনুধাবন করা।• কর্মপন্থা যেন অবশ্যই তাৎপর্যপূর্ণ এবং পারস্পরিক উপকারী হয় তা নিশ্চিত করা।





Older People Services Development Project
Trust, Hanover (Scotland) and Bield Housing Associations
c/o Trust Housing Association
12 New Mart Road
Edinburgh EH14 1RL
www.equalityscotland.com



In Partnership with

